



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

পত্র নং : ১২৭৯

তারিখ ৩০/০৫/২০২০খ্রি.

### ২০২০ সালের এসএসসি পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনাবলী

কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে এ বছর এসএসসি পরীক্ষা-২০২০ এর ফল প্রকাশ হতে যাচ্ছে। এই মহামারীকালে সংশ্লিষ্ট সকলকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনার আলোকে নিম্নোক্ত নির্দেশনাবলী মেনে ফল সংগ্রহ করতে হবে।

২। এ বছর এসএসসি পরীক্ষা-২০২০ এর ফল অনলাইনে প্রকাশিত হবে। পরীক্ষা কেন্দ্রে কিংবা শিক্ষা প্রতিষ্ঠানে কোন ফল প্রেরণ করা হবে না। কাজেই, কোন অবস্থাতেই ফল প্রকাশের দিন শিক্ষা প্রতিষ্ঠানে জমায়েত হওয়া যাবে না।


৩। পরীক্ষার ফল [www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd) এবং [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd) ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। পরীক্ষার ফল প্রকাশের পর SMS এর মাধ্যমে নিম্নোক্ত উপায়ে ফল সংগ্রহ করা যাবে :

SSC Board name (first 3 letters) Roll Year টাইপ করে 16222 নম্বরে পাঠাতে হবে।

উদাহরণ:

SSC Dha 123456 2020 Send to 16222

 ৩০.৫.২০২০

প্রফেসর মু. জিয়াউল হক

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১৫২৩৫